# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪০১

১/ বিবিধ

আরবী

إذا صمتم فاستاكوا بالغداة ولا تستاكوا بالعشي، فإنه ليس من صائم تيبس شفتاه بالعشي إلا كانت نورا بين عينيه يوم القيامة
ضعيف

أخرجه الطبراني (1 / 184 / 2) والدارقطني (ص 249) وعنه البيهقي (4 / 274) من طريق كيسان أبي عمر القصار عن يزيد بن بلال عن علي موقوفا
ثم أخرجوه من هذا الطريق عن عمرو بن عبد الرحمن عن خباب عن النبي صلى الله عليه وسلم مثله، وضعفه الدارقطني وتبعه البيهقي فقالا
كيسان أبو عمر ليس بالقوي، ومن بينه وبين علي غير معروف
وأقرهما ابن الملقن في " خلاصة البدر المنير " (ق 69 / 2)
وفي " المجمع " (3 / 164 ـ 165)
رواه الطبراني في الكبير، ورفعه عن خباب ولم يرفعه عن علي وفيه كيسان أبو عمر وثقه ابن حبان وضعفه غيره
ونقل المناوي في " الفيض " عن العراقي أنه قال في شرح الترمذي
حديث ضعيف جدا، وعن " تخريج الهداية ": فيه كيسان القعاب، كذا ضعيف جدا، وقال ابن حجر: فيه كيسان ضعيف عندهم، وأما قول العزيزي في " شرح الجامع الصغير " (1 / 129) ، وهو حديث ضعيف منجبر، فهو وهم منه إذ لا جابر له، ولم يدع ذلك غيره بل وقد روى ما يعارضه وهو

বাংলা

৪০১। তোমরা যখন সওম রাখবে; তখন ভোরবেলা মেসওয়াক করবে, সন্ধ্যায় মেসওয়াক করবে না। কারণ কোন সওম পালনকারী ব্যক্তির দু'ঠোট সন্ধ্যার সময় শুকনা থাকলে কিয়ামত দিবসে তার দু'চোখের মাঝে তা হবে নূর স্বরূপ।

হাদীসটি দুর্বল।

এটি তাবারানী (১/১৮৪/২), দারাকুতনী (পৃ. ২৪৯) এবং বাইহাকী (৪/২৭৪) কায়সান আবী উমার আল-কাস্সার সূত্রে ইয়াযীদ ইবনু বিলালের মাধ্যমে 'আলী (রাঃ) হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর তারা একই সূত্রে আমর ইবনু আবদির রহমান হতে, তিনি খাব্বাব হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। হাদীসটিকে দারাকুতনী এবং বাইহাকী দুর্বল আখ্যা দিয়েছেন। অতঃপর তারা উভয়ে বলেনঃ কায়সান আবু উমার শক্তিশালী নন। তার এবং 'আলীর মাঝের বর্ণনাকারী (ইয়াযীদ ইবনু বিলাল) পরিচিত নয়। তাদের দু'জনের বক্তব্যকে ইবনুল মুলাক্কিন "খুলাসাতুল বাদরিল মুনীর" গ্রন্থে (কাফ ২/৬৯) সমর্থন করেছেন।

"আল-মাজমা" গ্রন্থে বলা (৩/১৬৪-১৬৫) হয়েছেঃ কায়সান আবু উমারকে ইবনু হিব্বান নির্ভরশীল বলেছেন অথচ অন্যরা তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। বলেছেনঃ হাদীসটি নিতান্তই দুর্বল। "তাখরাজুল হিদায়াহ" গ্রন্থে উল্লেখ করা হয়েছে তাতে কায়সান আল-কুয়াব রয়েছেন; তিনি নিতান্তই দুর্বল। ইবনু হাজার বলেনঃ তার মধ্যে কায়সান রয়েছেন; তিনি তাদের নিকট দুর্বল। আযীযী "শারহু জামেউস সাগীর" গ্রন্থে (১/১২৯) বলেছেনঃ হাদীসটি দুর্বল, কিন্তু তা মোচনযোগ্য! এটি তার ধারণা মাত্র, এটির দুর্বলতা মোচনযোগ্য নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন